# [redacted]

[redacted]

গড়াইটুপিতে স্কুলগামী শিক্ষার্থীদের ভিডিও করে টিকটক জরিমানা

স্কুলগামী শিক্ষার্থীদের ভিডিও করে টিকটক তৈরী করে ভাইরাল। টিকটকার গড়াইটুপির সতিনাথ কর্মকারকে ভ্রাম্যামান আদালতে জরিমানা করা হয়েছে। সে চুয়াডাঙ্গা সদর উপজেলার গড়াইটুপি ইউনিয়নের বিমল কর্মকারের ছেলে।

জানাযায়, চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানাধীন গড়াইটুপি ইউনিয়নের কয়েকজন স্কুলগামী ছাত্রী শিক্ষার্থীর ভিডিও করে টিকটক তৈরীর পর তা ছড়ানো হয় সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে। এ টিকটক মূহুর্তের মধ্যে ভাইরাল হয়ে পড়ে ফেসবুকে। তা প্রশাসনের নজরে পড়লে টিকটকারকে সনাক্ত করে আটক করে তিতুদহ ক্যাম্প পুলিশ। পরে তাকে ভ্রাম্যমান আদালতে হাজির করা হলে আদালতের নির্বাহী ম্যাজিষ্ট্রেট সতিনাথ কর্মকার (৩০) নামের এক টিকটকারকে ৫ হাজার টাকা জরিমানা করেন। এসময় অভিযুক্ত ভ্রাম্যমান আদালতকে জরিমানার টাকা পরিশোধ করে কারাদন্ড থেকে রেহায় পায়।

তিতুদহ ক্যাম্পের এএসআই ইদ্রিস আলী বলেন, বেশ কিছুদিন পূর্বে চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানাধীন গড়াইটুপি ইউনিয়নের গড়াইটুপিতে কয়েকজন স্কুলগামী স্কুল ছাত্রীর ভিডিও করে টিকটক তৈরীর পর তা সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে ছাড়া হয়। এ ভিডিও মুহুর্তের মধ্যে ভইরাল হওয়ায় আমাদের নজরে পড়ে।

এরপর টিকটকারকে সনাক্ত করে তাকে বৃহস্পতিবার দুপুর ২টার দিকে গড়াইটুপি থেকে আটক করা হয়।

আটকের পর তাকে হাজির করা হয় ভ্রাম্যমান আদালতে। এসময় ভ্রাম্যমান আদালতের বিচারক নির্বাহী ম্যাজিষ্ট্রেট চুয়াডাঙ্গা সদর উপজেলা সহকারী কমিশনার (ভুমি).মাজহারুল ইসলাম অভিযুক্তকে স্কুল শিক্ষার্থীদের ভিডিও করে টিকটক বানিয়ে ফেইসবুকে ভইরাল করার অপরাধে সতিনাথ কর্মকার (৩০) নামের ওই ব্যাক্তিকে ৫ হাজার টাকা জরিমানা করেন। ফলে অভিযুক্ত সতিনাথ কর্মকার ভ্রাম্যমান আদালতের দেওয়া প্রদানকৃত রায়ের জরিমানার টাকা পরিশোধ করে মুক্ত হয়। অভিযুক্ত টিকটকার চুয়াডাঙ্গা সদর উপজেলার গড়াইটুপি ইউনিয়নের বিমল

কর্মকারের ছেলে।

এ বিষয়ে দর্শনা থানার অফিসার ইনচার্জ এ এইচ এম লুৎফুল কবির বলেন যারা এ ধরনের কর্মকান্ডের সাথে জড়িত থাকবে তাদের কাউকে ছাড় দেওয়া হবে না।

দর্শনায় ইয়াবাসহ জীবনগরের ৩ মাদক ব্যাবসায়ী গ্রেফতার

দর্শনা থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ৯০ পিচ ইয়াবাসহ তিন মাদক ব্যাবসায়ী গ্রেফতার করেছে পুলিশ।

বুধবার রাত ৯ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ এ এইচ এম লুৎফুল কবীর এর নেতৃত্বে দর্শনা থানার এস আই নীতিষ বিশ্বাস, এ এস আই তুহিন হোসেন, এ এস আই হাফিজুর রহমানসহ গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযান চালায় দর্শনা বাসষ্ট্যান্ডের আড্ডা কফি হাউজের সামনে।

এ সময় দর্শনা থানা পুলিশ গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানাধীন বাসষ্ট্যান্ড সংলগ্ন খন্দকার সুপার মার্কেট এর আড্ডা কফি হাউজের সামনে হতে জীবননগর উপজেলার গয়েশপুর গ্রামের উত্তরপাড়ার ফরমান আলীর ছেলে আনারুল ইসলাম আনার (৪৩) শরিফ উদ্দিনের ছেলে ইমরান উদ্দীন (৩৪) ও খোদাবক্স মিয়ার ছেলে মাসুদ মিয়া (৫১) কে ৯০ পিচ ইয়াবা ট্যাবলেট উদ্ধার করে। বুধবার তাদের তিনজনকে মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।

দর্শনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণের পৃথক অভিযান মাদক ব্যাবসায়ী বুলেটসহ আটক-৩

দর্শনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর পৃথক পৃথক মাদক বিরোধী অভিযান চালিয়ে ইয়াবা ও ফেনসডিলসহ -৩ মাদক ব্যাবসায়ীকে আটক করেছে।

আটককৃত আসামীদেরকে বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট বিভিন্ন মেয়াদে বিনাশ্রম কারাদণ্ড ও অর্থদণ্ড প্রদান করে জেল হাজতে প্রেরণ করেছে। জানাগেছে, বুধবার সকাল সাড়ে ৯ টার দিকে বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেটে মোঃ সাদাত হোসেন এর নেতৃত্বে, চুয়াডাঙ্গা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর উপজেলার দর্শনা থানাধীন পৌরসভার মোহাম্মপুর ও শান্তিপাড়া এলাকায় মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন। এসময় দর্শনা শান্তি পাড়ার আকরাম খাঁ’র ছেলে আজিজুল হাকিম শিমুল(২৯) ও হাবিবুর হাকিম বিপ্লবকে (৩২) আটক করে।
এসময় বিপ্লবের নিজ বসতঘর থেকে ২৫ পিচ ইয়াবা ও শিমুলের নিজ বসতঘর হতে উদ্ধার করা হয় ২৩ পিস ইয়াবা ট্যাবলেট। গ্রেফতারকৃত আসামীকে বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট ৬ মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ৫’শ টাকা অর্থদণ্ড প্রদান করে জেল হাজতে প্রেরণ করেন।

এদিকে অভিযান একই দিনে ১২ টার দিকে দর্শনা মোহাম্মদপুরে মাদক বিরোধী অভিযান চালিয়ে শফি মিয়ার ছেলে জাহিদুল ইসলাম বুলেটকে
(৩০) আটক করা হয়। আটককৃতর নিজ বসতঘর হতে উদ্ধার করা হয় ১ বোতল ভারতীয় ফেনসিডিল।

গ্রেফতারকৃত জাহিদুল ইসলাম বুলেটকে বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট ৩ মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ৫’শ টাকা অর্থদণ্ড প্রদান করে জেল হাজতে প্রেরণ করেন।গতকালই তাদের তিনজনকে চুয়াডাঙ্গা জেল হাজতে প্রেরন করেছে।

দামুড়হুদায় ছাত্রলীগের ৭৫তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

দামুড়হুদায় উপজেলা ছাত্রলীগের আয়োজনে বাংলাদেশ ছাত্রলীগ এর ৭৫ তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার বিকাল ৪টার দিকে দামুড়হুদা শিল্পকলা অডিটরিয়াম হলে।

দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের সভাপতি আরিফুল ইসলাম মল্লিকের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক হাজী মো: শহিদুল ইসলাম, প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা সদর ইউনিয়নের আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিউল কবির ইউসুফ, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক ও দামুড়হুদা সদর ইউনিয়নের চেয়ারম্যান হযরত আলী, দামুড়হুদা উপজেলা যুবলীগের সাবেক যুগ্ম আহ্বায়ক সেলিম উদ্দিন বগা। হাউলী ইউনিয়ন যুবলীগের প্রচার সম্পাদক কামরুল ইসলাম মিফতাহ

দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাজু আহমেদ রিংকুর সঞ্চালনায় এসময় আরো উপস্থিত ছিলেন, হাউলী ইউনিয়ন ছাত্র লীগের আহবায়ক রাসেল আহাম্মেদ, যুগ্ন আহবায়ক রায়হানুল ইসলাম রাইহান।দামুড়হুদা সদর ছাত্র লীগ নেতা ছালিম হোসেন। দামুড়হুদা কলেজ ছাত্র লীগের সাবেক আহবায়ক শাহীন মোল্লা, সাবেক যুগ্ম আহবায়ক এম এ করিম, সাবেক যুগ্ম আহবায়ক আঃ সামাদ।

কার্পাসডাঙ্গা ইউনিয়ন ছাত্র লীগের সাধারণ সম্পাদক ছানাউল কবির শিরিন। নাটুদাহ ইউনিয়ন ছাত্র লীগের সভাপতি লিমন খান, ছাত্র লীগ নেতা শাহীন,, ছাত্র লীগ নেতা সাজ্জাদ, রাসেল, লিজন, শিমুল, সুলতান, শাহীন, সাখাওয়াত, বাবু, সোহেল, রানা বিশ্বাস, সুমন, সোহাগ প্রমূখ।

দামুড়হুদায় বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠানে চেক বিতরন করলেন এমপি টগর

দামুড়হুদা উপজেলার বিভিন্ন ইউনিয়নে ২০২২-২৩ অর্থ বছর গ্রামীন অবকাঠামা রক্ষণাবেক্ষন কর্মসূচির আওতায় নির্বাচনী এলাকা ভিত্তিক বিভিন প্রকল্প বাস্তবায়ন বরাদ্দকৃত অর্থের চেক বিতরণ করা হয়েছে।

আজ বুধবার বেলা ১১ টার দিকে দামুড়হুদা উপজেলা সম্মেলন কক্ষে দামুড়হুদা উপজেলার দর্শনা পৌর, কার্পাসডাঙ্গা, কুড়ুলগাছি, পারকৃষ্ণপুর-মদনা, হাউলী, নাটুদহ, দামুড়হুদা সদর, ইউনিয়নের ৫৬ টি ধর্মীয় প্রতিষ্ঠানে ৪১ লাখ ১৮হাজার টাকার চেক বিতরণকালে চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজি মোঃ আলী আজগার টগর বলেন, দীর্ঘ ২১ বছর এ দেশের মানুষ তাদের অধিকার থেকে বঞ্চিত ছিলো। বারবার উন্নয়নের নাম তৎকালীন ক্ষমতাশীনরা কোটি কোটি টাকা লোপাট করে নিজদের আখের গুছিয়েছে। জাতীর জনকের সুযোগ্য উত্তরসুরি আ.লীগ সভানেত্রী প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে এ দেশ উউন্নয়নের কাজে চলছে দূর্বার গতিতে। প্রতিশ্রুতিশীল এ সরকার দেশবাসির কাছে উন্নয়নের যা ওয়াদা করেছিল সারাদেশে উন্নয়নের মধ্য দিয়ে তা রক্ষা করছে। এরই ধারাবাহিতকায় দেশের বিভিন অঞ্চল্যের দীর্ঘদিনের অবহেলীত সড়ক নির্মান সহ বিভিন প্রকল্পের কর্মসুচি গ্রহন করছে। অবহেলীত এ জনপদের আপামর জনতা আমাকে যে ভালাবাসা দিয়েছে, আমি উউন্নয়নের মধ্যে দিয়ে তার প্রতিদান দিতে চাই। আপনাদের সহযোগিতা পেলে আমি এলাকার উন্নয়ন নিজেকে সর্বদা নিয়াজিত রাখবো ইনশাল্লাহ।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার সানজিদা বেগম এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনসুর বাবু, মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন, দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী শহিদুল ইসলাম।

এসময় আরো উপস্থিত ছিলেন প্রকল্প কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব) মিজানুর রহমান, পারকৃষ্ণপুর- মদনা ইউনিয়নের চেয়ারম্যান এএসএম

জাকারিয়া আলম, দামুড়হুদা সদর ইউনিয়নের চেয়ারম্যান হযরত আলী, জুড়ানপুর ইউনিয়নের চেয়ারম্যান সোহরাব হোসেন, কার্পাসডাঙ্গা ইউনিয়নের চেয়ারম্যান আব্দুল করিম, সহ প্রতিটি ইউনিয়নের সভাপতি-সাধারণ সম্পাদক ও ধর্মীয় প্রতিষ্ঠানের সভাপতি সাধারণ সম্পাদক বৃন্দ।

দামুড়হুদায় ঘনকুয়াশা ও তীব্র শীতে জনজীবন বিপর্যস্ত

ঘন কুয়াশা ও তীব্র শীতে দামুড়হুদা উপজেলায় জনজীবন বিপর্যস্ত হয়ে পড়েছে। গত সোমবার থেকে সুর্যের দেখা মেলেনি। ফলে শহর ও গ্রাম-গঞ্জের জনজীবন কাহিল হয়ে পড়েছে। তীব্র শীতে ও ঘন কুয়াশায় রাস্তাঘাটে যানবাহন ও মানুষ চলাচল কমে গেছে। হাতে কাজ না থাকায় অভাবী মানুষের ঘরে খাদ্যাভাব দেখা দিয়েছে। শীতবস্ত্রের অভাবে হত-দরিদ্র মানুষগুলো চরম কষ্টে ছেলে মেয়েদের নিয়ে দিনাতিপাত করছে।

উপজেলায় ৭ ইউনিয়ন ও ১ টি পৌরসভায় তীব্র শীতের কারণে গ্রামাঞ্চলের নিন্ম আয়ের মানুষ পড়েছে সবচেয়ে বেকায়দায় । গতকাল সোমবার দিনভর মৃদু কুয়াশা ছিল এবং সুর্যের আলো ঘন্টা খানেক দেখা দিলেও আজ মঙ্গলবার শীতের তীব্রতা আরো বৃদ্ধি জনজীবনে বিপর্যস্ত করে তুলেছে এমনকি সারাদিন শৈত্য প্রবাহের কারণে সুর্যের আলো দেখা যায়নি । সন্ধ্যা নামার সাথে সাথে কুয়াশায় আচ্ছন্ন হয়ে যায় গোটা উপজেলা।

সন্ধ্যার পর থেকে কুয়াশার ঘনত্ব বাড়ে। রাত ১০টার পর ঘন কুয়াশার চাদরে ঢেকে যায় পুরো এলাকা। একই অবস্থা মঙ্গলবার সারা দিন হিমেল হাওয়ার কারণে রাস্তা ঘাট ছিল ফাকা। ফলে বিপণি-বিতান, কোলাহলপূর্ণ স্থানগুলোতে লোকজন তুলনা মুলক অনেক কম।

কুয়াশা আর তীব্র শীতের কারণে হতদরীদ্র মানুষগুলো আগুন জালিয়ে শীত নিবারণ করছে। এলাকায় ঘন কুয়াশা ও শীতের তীব্রতা আরও বৃদ্ধি পাচ্ছে। ফলে অন্ধকারে আচ্ছন্ন হয়ে যায় শহর ও গ্রাম। ফুটপাতের সবজি, মাছ, ফলমূল ও শীতের কাপড় ব্যবসায়ীরা বেচা-কেনা না থাকায়

তারা দোকান গুছিয়ে বাড়ি চলে গেছেন। রিকশাচালক, অটোরিকশা চালকরাও ভাড়ার আশায় আর বসে থাকছেন না।

জেলা আবহাওয়া অফিস সুত্রে জানা যায়, এ সপ্তাহে জুড়ে আবহাওয়ার কোন পরিবর্তন হবে না। রাতের তাপমাত্রা আরো কুমে যাবে। কুয়াশা আরও দু-একদিন থাকতে পারে বলে জানা যায়।

দামুড়হুদায় মাদক বিরোধী অভিযানে গাঁজাসহ আটক ১

দামুড়হুদায় জেলা গোয়েন্দা শাখার (ডিবি) মাদক বিরোধী অভিযানে দুই কেজি গাঁজা সহ এক জনকে গ্রেফতার করেছে। গ্রেফতারকৃত হলেন উপজেলার ইব্রাহিমপুর গ্রামের শহিদ বিশ্বাসের স্ত্রী সানোয়ারা বেগম সানু (৫২)। গত রবিবার বেলা ৩টার দিকে আটককৃত আসামির বাড়ির সামনের পাকা রাস্তার উপর থেকে তাকে গ্রেফতার করা হয়।

চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার জনাব আব্দুল্লাহ্ আল-মামুনের দিক নির্দেশনায় জেলা গোয়েন্দা শাখার অফিসার ইনচার্জ জনাব শেখ সফিকুর রহমানের নেতৃত্বে এসআই শহিদুল বাশার, এসআই শিহাব উদ্দিন, এএসআই শ্রী রমেন কুমার সরকার, এএসআই সাজদার রহমান সঙ্গীয় ফোর্সসহ গোপন সংবাদের ভিত্তিতে দামুড়হুদা থানাধীন ইব্রাহীমপুর গ্রামস্থ গ্রেফতারকৃত আসামী সানোয়ারা বেগন সানু’র নিজ বসত বাড়ির সামনে পাকা রাস্তার উপর থেকে তার ডান হাতে থাকা কাপড়ের ব্যাগ হতে ২ কেজি গাঁজা ও অবৈধ গাঁজা বিক্রয়ের ৭শত পঞ্চাশ টাকা উদ্ধার পূর্বক তাকে গ্রেফতার করা হয়। পরে আসামিকে দামুড়হুদা মডেল থানায় হস্তান্তর করা হয়। গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু করা হয়।

এবিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, আসামির বিরুদ্ধে থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু করা হয়েছে। আজ (মঙ্গলবার) বিজ্ঞ আদালতে সোপর্দ করা হবে।

দামুড়হুদায় বেশী দামে সার বিক্রি করায় নাঈম বীজ ভান্ডারকে জরিমানা

দামুড়হুদায় সরকার নির্ধারিত মূল্যের চেয়ে অধিক মূল্যে সার বিক্রির অপরাধে নাঈম বীজ ভান্ডারের মালিক কে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

গতকাল সোমবার বিকেল সাড়ে ৩ টার দিকে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহমেদ এই অভিযান পরিচালনা করেন।

এ সময় সরকার নির্ধারিত ১১০০ টাকার টিএসপি ১৭৮০ টাকায় বিক্রির প্রমান পাওয়া যায়। এ ছাড়া ইউরিয়া, ডিএপি ও এমওপি সার সরকার নির্ধারিত দামের চেয়ে অধিক দামে বিক্রির প্রমান মেলে। কিছু মেয়াদ উত্তীর্ণ বীজ ও কীটনাশক জব্দ করা হয়।
উল্লেখিত অপরাধে প্রতিষ্ঠানটির মালিক হাসানুজ্জামান নাঈমকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন-২০০৯ এর ৪০ ও ৫১ ধারায় ৫০ হাজার টাকা জরিমানা করা হয় জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর চুয়াডাঙ্গার সহকারী পরিচালক সজল আহমেদ ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।

চুয়াডাঙ্গায় জাতীয় সমাজসেবা দিবস পালিত

উন্নয়ন সমৃদ্ধির অগ্রযাত্রায়, দেশ গড়ব সমাজসেবায়’ এ প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে চুয়াডাঙ্গায় জাতীয় সমাজসেবা দিবস-২০২৩ পালন

করা হয়েছে।

সোমবার সকালে জেলা প্রশাসন ও সমাজসেবা অফিসের আয়োজনে জেলা প্রশাসকের কার্যালয় থেকে এক বণার্ঢ্য র্যালি বের হয়। র্যালি শেষে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ নাজমুল হামিদ রেজা সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান।

এসময় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, দেশের সার্বিক উন্নয়নে সমাজসেবা অধিদপ্তরের বিশেষ গুরুত্ব ভূমিকা রয়েছে। সমাজের পিছিয়ে পড়া মানুষের সার্বক্ষণিক সকল প্রকার সুযোগ-সুবিধা প্রদান এবং তাদের উন্নতির জন্য সার্বিক ভাবে কাজ করে যাচ্ছে সমাজসেবা অধিদপ্তর। বর্তমান সরকার দেশের দুস্থ, দরিদ্র, অসহায় শিশু, প্রতিবন্ধী, কিশোর-কিশোরী, স্বামী পরিত্যক্ত নারী ও প্রবীণ ব্যক্তিসহ সুবিধাবঞ্চিত মানুষের কল্যাণে ব্যাপক কর্মসূচি বাস্তবায়ন করছে। বয়স্ক ভাতা, প্রতিবন্ধী ভাতা, বিধবা ভাতা ও মুক্তিযোদ্ধা সম্মানি ভাতা বৃদ্ধিসহ বিভিন্ন ভাতা প্রবর্তন করেছে।

তিনি আরও বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান দেশের দুস্থ ও অসহায় মানুষের সেবা নিশ্চিতকল্পে কল্যাণমুখি বিভিন্ন কর্মসূচি চালু করেন।

এর আগে স্বাগত বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক সিদ্দিকা সোহেলী রশিদ।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) আরাফাত রহমান, চুয়াডাঙ্গা জেলা শিক্ষা অফিসার আতাউর রহমান, চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি সরদার আল আমিন সহ জেলা-উপজেলা সমাজসেবা অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারী।